



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ডাক বিভাগ

ডাক অধিদপ্তর, ডাক ভবন।

শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.bdpost.gov.bd



জরুরি

সীমিত

নম্বর: ১৪.৩১.০০০০.০৩১.১৮.০০৪.২১.১৭

তারিখ: ১৮ পৌষ ১৪২৮

০২ জানুয়ারি ২০২২

অফিস আদেশ

ডাক অধিদপ্তর, ডাক ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ ভবনের ডাক বিলি ব্যবস্থা ত্বরান্বিত করার নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত আদেশ জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে:


১। সাব পোস্টমাস্টার, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা তিনি প্রতিদিন সকালে যে সকল ডাক ব্যাগ গ্রহণ করেন তা সকাল ০৯:৩০ ঘটিকার মধ্যে এবং পরবর্তী সময়ে প্রাপ্ত ব্যাগও দ্রুততম সময়ের মধ্যে তার অফিসের প্যাকারের মাধ্যমে ডাক অধিদপ্তরের আরএন্ডডি শাখায় পৌঁছে দিবেন।

২। আরএন্ডডি শাখা প্রতিদিনের প্রাপ্ত ডাক ব্যাগ উন্মোচন করে মহাপরিচালক নামীয় (ডাক বিভাগের বিভিন্ন সার্কেল/ইউনিট/পোস্ট অফিস ব্যতীত) বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ব্যক্তিবর্গ হতে প্রাপ্ত পত্রাদি এবং ডাক বিভাগের বিভিন্ন অফিস থেকে মহাপরিচালকের ব্যক্তিগত নামীয় সকল পত্রাদি মহাপরিচালক মহোদয়ের দপ্তরে স্বাক্ষরমূলে হস্তান্তর করবেন।

৩। ডাক বিভাগের বিভিন্ন সার্কেল/ইউনিট/পোস্ট অফিস হতে প্রাপ্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক/শাখা কর্মকর্তা এবং অন্যান্য কর্মকর্তাগণের নামীয় ডাক (ল্যাব-১১) ছাড়াও অন্যান্য নামীয় ডাক আরএন্ডডি শাখা কর্তৃক রেজিস্টারে তালিকাভুক্ত করবেন এবং স্বাক্ষরমূলে দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার অফিস সহায়কের নিকট হস্তান্তর করবেন। উল্লেখ্য, এখন হতে অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক/শাখা কর্মকর্তাসহ ডাক অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দের অফিস সহায়ক আরএন্ডডি শাখা হতে প্রতিদিনের ডাক সংগ্রহ করবেন।

৪। কোন শাখা কর্তৃক পত্র জারি করা হলে ডাক অধিদপ্তরে অবস্থিত কর্মকর্তাগণের পত্র সংশ্লিষ্ট শাখায় রক্ষিত রেজিস্টারে লিপিবদ্ধের মাধ্যমে বিলি নিশ্চিত করতে হবে। শুধুমাত্র ডাক অধিদপ্তরের বাহিরে অর্থাৎ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/সার্কেল/ ইউনিটের চিঠি আরএন্ডডি শাখায় প্রেরণ করবেন। আরএন্ডডি শাখা উক্ত পত্রের পরবর্তী প্রেরণ বিন্যাস নিশ্চিত করবেন।

৫। প্রতিদিনের ডাক প্রতিদিন বিলি নিশ্চিত করতে হবে। কোন কারণে বিলি দেয়া সম্ভব না হলে তার কারন লিপিবদ্ধ করবেন।



২-১-২০২২


মোঃআলতাফুর রহমান
পরিচালক (কর্মী ও সংস্থাপন)

নম্বর: ১৪.৩১.০০০০.০৩১.১৮.০০৪.২১.১৭/১(৪)

তারিখ: ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সকল কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
- ২) প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটিসেল, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।(ওয়েব সাটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) সকল কর্মচারী, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা। ঢাকা।
- ৪) নোটিশ বোর্ড, ডাক অধিদপ্তর, ঢাকা।



২-১-২০২২

মো: মোরশেদ আলম
প্রশাসনিক কর্মকর্তা